শিশুপাচার প্রতিরোধে স্বয়ংসিদ্ধা কর্মসূচি

নিজস্ব সংবাদদাতা, মগরাহাট ঃ পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ প্রশাসন ও দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সমাজকল্যাণ দপ্তরের উদ্যোগে জেলার ১২টি ব্লকে শিশু পাচার প্রতিরোধে স্কুল কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে আত্মসচেতনতা বাড়ানোর জন্য হাইস্কুলে 'স্বয়ংসিদ্ধা' কর্মসূচি রূপায়ণ হচ্ছে। কাজলা জনকল্যাণ সমিতি দক্ষিণ চব্বিশ পরগণা জেলার মগরাহাট ২নং ব্লকে এই কর্মসূচি রূপায়ণ করার জন্য সরকারিভাবে দায়িত্বপ্রাপ্ত। এই কর্মসূচির মাধ্যমে প্রত্যেকটি হাইস্কুলের ১০০ জন ছাত্রছাত্রীকে নিয়ে শিশু পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে কর্মশালা হয় এবং বিদ্যালয়ভিত্তিক একটি করে স্বয়ংসিদ্ধা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির সদস্যরা গ্রামে শিশু পাচার ও বাল্যবিবাহ প্রতিরোধের নানা প্রচার অভিযানের কাজ করে। বিশ্ব পাচার প্রতিরোধ দিবসে পাচার প্রতিরোধের লক্ষ্যে কাজলা জনকল্যাণ সমিতি মগরাহাট ২নং ব্লকের মোহনপুর গ্রাম পঞ্চায়েতে চকপরান কাঁটাখালি বেলমণি বালিকা বিদ্যালয় (উচ্চ মাধ্যমিক স্কুল) ও মোহনপুর কেকেজিসি ইনস্টিটিউশন (উচ্চমাধ্যমিক স্কুল)-এ ছাত্রছাত্রীদের নিয়ে প্ল্যাকার্ড সহযোগে র‍্যালি করা হয়। এছাড়া স্বয়ংসিদ্ধার সদস্যরা গ্রামের মানুষজনের সাথেও কথা বলে।

সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেলমনি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শিখা মুখার্জী, মোহনপুর হাইস্কুলের প্রধান শিক্ষক আনন্দ গোপাল দত্ত এবং কাজলা জনকল্যাণ সমিতির প্রতিনিধি বাণবুল ইসলাম মল্লিক ও বাবলু আলি শেখ।

সোশ্যাল মিডিয়ায় প্রচার, আক্রান্ত বিজেপি নেতা

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ সোশ্যাল মিডিয়ায় বাক্-স্বাধীনতা প্রকাশের অধিকার রয়েছে প্রত্যেক মানুষের। আর রাজ্যে সেই নিদর্শন দেখিয়েছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অম্বিকেশ মহাপাত্র ও তানিয়া ভরদ্বাজরা। ফের সোশ্যাল মিডিয়ায় বাক্-স্বাধীনতার মত প্রকাশ করে বেধড়ক মার খেল এক বিজেপির যুব নেতা। এই ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়ায়। সোমবার কাঁথি সাংগঠনিক জেলা যুব মোর্চার সাধারণ সম্পাদক শচীন সিনহাকে ফেসবুকে লাগাতার বিজেপির হয়ে প্রচার চালানোর অপরাধে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। তবে শচীন সিনহা বলেন, আমি বিজেপির যুব মোর্চার সাধারণ সম্পাদক হিসাবে দলের সাংগঠনিক কর্মসূচি, কেন্দ্র সরকারের জনহিতকর প্রকল্প, ভাবমূর্তি নিয়ে ফেসবুকে পোস্ট করছি। আর তাতেই ক্ষোভ প্রকাশ করে স্থানীয় তৃণমূল সদস্য মৃণালকান্তি দাস-সহ তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা আমার উপর হামলা চালায় এবং আমাকে বেধড়ক মারধর করে। এগরা থানার বাসুদেবপুরে ঘটনাটি ঘটেছে। স্থানীয়রা বিজেপির যুব নেতা শচীন সিনহাকে গুরুতর

আহত অবস্থায় উদ্ধার করে এগরা সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করে। পরে তিনি মারধরের ঘটনাকে কেন্দ্র করে বেশ কয়েকজন দুষ্কৃতীদের বিরুদ্ধে এগরা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। কিন্তু এখনও পর্যন্ত এই ঘটনায় কেউ গ্রেফতার হয়নি বলে জানিয়েছে পুলিশ। তবে এ বিষয়ে পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) ইন্দ্রজিৎ বসু বলেন, অভিযোগ হয়েছে। ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে। কিন্তু এগরা ২ ব্লক যুব তৃণমূল কংগ্রেস সভাপতি রাজকুমার দুয়ারি ঘটনার সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, সমস্ত মিথ্যে ও ভিত্তিহীন অভিযোগ। এই ঘটনার সঙ্গে আমাদের দলের কেউ জড়িত নেই। এটা বিজেপির রাজনৈতিক ষড়যন্ত্র। এ প্রসঙ্গে কাঁথি সাংগঠনিক জেলা বিজেপি সভাপতি তপন মাইতি বলেন, এটা অত্যন্তই নিন্দনীয় ঘটনা। রাজনৈতিক প্রতিহিংসার কারণে আমাদের যুব নেতাকে মারধর করা হয়েছে এবং খুনেরও হুমকি দিচ্ছে তৃণমূল। আসলে বিজেপির প্রতি ভয় পেয়ে তারা এই সমস্ত ঘটনা ঘটাচ্ছে। মানুষ সব দেখছে। আগামী ২০১৯ সালের লোকসভা নির্বাচনে মানুষ তৃণমূলের বিরুদ্ধে যোগ্য জবাব দেবে। তবে স্থানীয় তৃণমূল নেতাদের দাবি, পারিবারিক বিবাদকে রাজনৈতিক রঙ দিয়ে ফায়দা তোলার চেষ্টা করছে বিজেপি।

আঙ্গিকমের একাদশ বর্ষ পূর্তি অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মেদিনীপুর শহরের সুপরিচিত নৃত্য প্রশিক্ষণ সংস্থা আঙ্গিকমের একাদশ বর্ষ পূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হল। মেদিনীপুর শহরের প্রদ্যোৎ স্মৃতি সদনে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত দর্শকদের একটি বর্ণময় সাংস্কৃতিক সন্ধ্যা উপহার দিল আঙ্গিকমের কলাকুশলীরা। নৃত্যশিল্পীদের সমবেত নৃত্যের আঙ্গিকে, নটরাজ মূর্তির সম্মুখে উপস্থিত অতিথিদের সমবেত প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে নৃত্যানুষ্ঠানের শুভ সূচনা হয়। তার আগেই উপস্থিত সকলকে স্বাগত জানানোর পাশাপাশি অতিথিদের বরণ করে নেন আঙ্গিকমের অধ্যক্ষা শাশ্বতী শাসমল-সহ অন্যান্যরা।

উপস্থিত ছিলেন প্রখ্যাত সংগীতগুরু জয়ন্ত সাহা, প্রাক্তন অধ্যাপক সুশান্ত মাইতি, আইনজীবী শ্যামলেন্দু মাইতি, আবৃত্তিকার অমিয় পাল, সঙ্গীতশিল্পী হায়দার আলি, শিক্ষক অখিলবন্ধু মহাপাত্র, বিশিষ্ট চিকিৎসক কাঞ্চন ধাড়া, উদ্যোগপতি মদন মোহন মাইতি, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুবর্ণ গিরি-সহ মেদিনীপুরের নৃত্য জগৎ তথা সংস্কৃতি জগতের অন্যান্য ক্ষেত্রের বহু খ্যাতনামা ব্যক্তিত্ব। মনোজ নৃত্যানুষ্ঠানের সূচনা পর্বে অনুষ্ঠিত হয় দেবী বন্দনা ও গণেশ বন্দনা। তারপর একের পর এক মনমুগ্ধকর নৃত্যের কোলাজে এগিয়ে চললো অনুষ্ঠান। পরিবেশ সচেতনতার বার্তা গঙ্গাকে দূষণের হাত থেকে রক্ষা করার বার্তা দিয়ে গঙ্গা নদীর আখ্যান-সহ শাস্ত্রীয় নৃত্যের আঙ্গিক পরিবেশিত হল 'গঙ্গা দি হোলি রিভার'। 'এসো নাচ করি আনন্দে' পর্বে মনোগ্রাহী নৃত্যে উপস্থিত দর্শকদের মন জয় করলো ৫০ জনেরও বেশি কচিকাঁচারা। প্রাথমিক পর্বের পর অনুষ্ঠিত হল পুরস্কার বিতরণী অনুষ্ঠান। উপস্থিত অতিথিরা পুরস্কার তুলে দিলেন কৃতি ও সফলদের হাতে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পর যন্ত্রসঙ্গীত শিল্পী শুভদীপ জানার সহযোগিতায় সঙ্গীত শিল্পী মধুমন্তী শাসমলের গানে অধ্যক্ষা শাশ্বতী শাসমলের নৃত্য উপস্থিত সকলের হৃদয় জয় করে নেয়। কন্যা মধুমন্তী ও মাতা শাশ্বতী শাসমলের যুগলবন্দী 'দি রক আল্টিমিট রিদম' আনন্দে মাতিয়ে দিল দর্শকদের। অনুষ্ঠিত হল রবীন্দ্রনাথের প্রেম পর্বের গানের উপর আধারিত বিশেষ নৃত্যানুষ্ঠান 'চিরন্তন প্রেমের আধার রবীন্দ্রনাথ'। প্রয়াত বলিউড অভিনেত্রী শ্রীদেবীকে স্মরণ করে পরিবেশিত হল নৃত্যের কোলাজ 'স্মৃতি সতত সুখের'। একেবারে শেষ লগ্নে আঙ্গিকমের শিল্পীদের লোকনৃত্যানুষ্ঠানও ছিল যথেষ্ট চিত্তাকর্ষক। উপস্থিত অতিথি-সহ দর্শকরা প্রশংসায় পঞ্চমুখ হলেন আঙ্গিকমের নিখুঁত উপস্থাপন ও বর্ণময় অনুষ্ঠানের। শাশ্বতী শাসমলের তত্ত্বাবধানে গোটা অনুষ্ঠানটি বিভিন্ন পর্বে সুচারুভাবে সঞ্চালনা করেন অভিনন্দন মুখোপাধ্যায়। হিমাদ্রী মন্ডল ও অনির্বাণ ঘোষ। অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার জন্য সমস্ত শুভাকাঙ্ক্ষী ও দর্শকদের ধন্যবাদ জানান আঙ্গিকমের কর্ণধার শাশ্বতী শাসমল।

বর্ষপূর্তি অনুষ্ঠান উপলক্ষ্যে সভা

নিজস্ব সংবাদদাতা, খেজুরি ঃ খেজুরি প্রয়াস ফুটবল অ্যাকাডেমির বর্ষপূর্তি অনুষ্ঠান কর্মসূচি বিষয়ক বৈকালিক সভা অনুষ্ঠিত হল পুর্বচড়া যুবগোষ্ঠীর অফিস গৃহে। আগামী ২ আগস্ট প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠান ও ওয়েবসাইট উদ্বোধন হবে। এদিনের সভায় উপস্থিত ছিলেন প্রয়াস ফুটবল অ্যাকাডেমির উদ্যোক্তা তথা খেজুরি থানার ওসি শীর্ষেন্দু দাস, খেজুরি ২ ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি অসীম মন্ডল, বিধায়ক প্রতিনিধি বিশ্বনাথ মালিক, যুবগোষ্ঠীর সম্পাদক মানিক দাস প্রমুখ। প্রয়াস অ্যাকাডেমির উদ্যোক্তা খেজুরি থানার ওসি শীর্ষেন্দু দাস বলেন, প্রয়াস খেজুরির গর্ব। প্রয়াস থেকে প্রশিক্ষণ নিয়ে কয়েকজন ইতিমধ্যে বড়বড় সংস্থাতে সুযোগ পেয়েছে। বিগত দিনে প্রয়াস তপশিলী অধ্যুষিত খেজুরি থেকে ফুটবল স্টার প্লেয়ার তৈরি করবে, এটাই প্রয়াসের লক্ষ্য। তাহলেই প্রয়াসের প্রচেষ্টা সার্থক হবে। বর্ষপূর্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যের পরিবহণ ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী। ওইদিনই প্রয়াসের ওয়েবসাইট উদ্বোধন করবেন শুভেন্দুবাবু। এছাড়াও বর্ষপূর্তি সভায় উপস্থিত থাকবেন খেজুরির বিধায়ক রনজিৎ মন্ডল, পূর্ব মেদিনীপুর জেলা পুলিশ সুপার ভি সালোমন নিশাকুমার, বিখ্যাত ফুটবলার গৌতম সরকার প্রমুখ।

পারিবারিক অশান্তির জেরে আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ পারিবারিক অশান্তির জেরে আত্মঘাতী হল এক গৃহবধূ। রামনগর থানার গোবিন্দপুর গ্রামের ঘটনা। সোমবার বিকাল তিনটের সময় বিকাল তিনটার দিকে নিজের বাড়িতে বিষ খেয়ে নেয় গৃহবধূ। নাম পূর্ণিমা জানা (২৩), স্বামী জয়নারায়ণ জানা। স্থানীয় সূত্রে খবর, প্রায়শই বাড়িতে অশান্তি লেগে থাকতো। তার জেরে এই আত্মহত্যা। প্রথমে বালিসাই বড়রাঙ্গুয়া হাসপাতালে নিয়ে যায় পরিবারের লোকেরা। অবস্থার অবনতি হলে কন্টাই স্থানান্তরিত করে। মঙ্গলবার সকালে কাঁথিতে মারা যায়। মৃত পূর্ণিমার একটি বছর তিনেকের কন্যাসন্তান রয়েছে।

আরপিএফ-এর বিরুদ্ধে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ কলকাতার সরকারি হাসপাতালে আরপিএফ-এর হাতে আক্রান্ত যুবকের মৃত্যু হয়। দোষীদের গ্রেফতার ও উপযুক্ত শাস্তির দাবিতে ঝাড়গ্রাম আরপিএফ থানার সামনে বিক্ষোভ দেখায় পরিবার পরিজনেরা। ঝাড়গ্রাম স্টেশনে দাঁড়িয়ে রেললাইনে বাথরুম করছিল ২৮ বছরের যুবক। সেই অপরাধে আরপিএফ তুলে নিয়ে গিয়ে বেধড়ক মারধর করে। স্পাইনালকর্ড ভেঙে যায় মারের চোটে দীর্ঘ একমাস মৃত্যুর সঙ্গে লড়াই করে অবশেষে হার মানে। গত ২৪ জুন খড়গপুরের কৌশল্যার বাসিন্দা তার পরিবারের লোক নিয়ে ঝাড়গ্রামের দহিজুড়িতে বোনের সাধভক্ষণ অনুষ্ঠানে এসেছিলেন। সন্ধ্যা বেলা স্টেশনে আসেন বাড়ি ফেরার জন্য। তখনই ট্রয়লেট পেলে লাইনের পাশে বাথরুম করার সময় তুলে নিয়ে যায় তাকে। তারপরেই বেধড়ক মারধর করে রাত ১০.৩০ নাগাদ ঝাড়গ্রাম হাসপাতালে ভর্তি করানো হয়। ফোন করে বাড়িতে জানায় আরপিএফ। পরে আহত দেবদাস নিজে হাসপাতালে শুয়ে সমস্ত ঘটনা বলে। তারপরেই চাপে পরে যায় আরপিএফ। যদিও তারা এই মুহূর্তে অস্বীকার করছেন। তবে কথায় একাধিক অসঙ্গতি। সমস্ত স্তরে অভিযোগ দায়ের করছে পরিবারের লোক দোষীদের শাস্তির দাবিতে। আরপিএফ-এর আধিকারিক জানিয়েছেন, তদন্ত শুরু হয়েছে।

ডিওয়াইএফআই-এর ইউনিট সম্মেলন

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের (ডিওয়াইএফআই) মেদিনীপুর শহর ১৩ নং ওয়ার্ড ইউনিটের সম্মেলন অনুষ্ঠিত হল সোমবার সন্ধ্যায়। ওয়ার্ডের পাঠানমহল্লা এলাকায় অনুষ্ঠিত এই সম্মেলনের ৮০ জন যুব প্রতিনিধি যোগ দেন। সম্মেলনে বক্তব্য রাখেন জেলা সম্পাদক দিলীপ সাউ, জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য সেক আব্দুল রাফে, লোকাল কমিটির সম্পাদক সঞ্জয় সিনহা প্রমুখ যুব নেতা। সম্মেলন শেষে ৯ সদস্যের একটি কমিটি গঠিত হয়। কমিটির সম্পাদক ও সভাপতি নির্বাচিত

হয়েছেন যথাক্রমে মির্জা করিম ও সেক সরফরাজ। সম্মেলন উপলক্ষ্যে এলাকার যুবকদের নিয়ে একটি আট দলীয় ফুটবল প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়। চ্যাম্পিয়ন ও রানার্স হন যথাক্রমে কে টি বয়েজ দল ও এনার্জেটিক ক্লাব। বিজয়ী ও বিজিত দলকে ট্রফিসহ আর্থিক পুরস্কারে পুরস্কৃত করা হয়।

ঠাকুরচকের সারদাময়ী কলেজে নবীনবরণ

নিজস্ব সংবাদদাতা, নারায়ণগড় ঃ নারায়ণগড় ব্লকের ঠাকুরচকে অবস্থিত সারদাময়ী কলেজ অব এডুকেশন শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হল নবীন বরণ উৎসব। মঙ্গলবার এই শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের সভাঘরে অনুষ্ঠিত এক ঘরোয়া অনুষ্ঠানে বর্তমান শিক্ষাবর্ষে প্রথমবর্ষে নবাগত ডিএলএড কোর্স ও বিএড কোর্সের শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়। কলেজের সিনিয়র দাদাদিদিরা গোলাপ, চন্দন ও উপহার দিয়ে নবাগত শিক্ষার্থীদের বরণ করে নেন। উপস্থিত ছিলেন কলেজের সম্পাদক বিশিষ্ট শিক্ষক শুভেন্দু ভূঞ্যা, ডিএলএড ও বিএড বিভাগের প্রধান যথাক্রমে মণীন্দ্র সিংহ ও অনিন্দ্য সুন্দর জানা। এছাড়াও কলেজের সমস্ত শিক্ষক-শিক্ষিকা-শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিথিবৃন্দ-সহ কলেজের শিক্ষক-শিক্ষিকারা। আবৃত্তি, নৃত্য, সঙ্গীতের মধ্য দিয়ে মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে কলেজের বর্তমান ও নবাগত ছাত্রছাত্রীরা। সঞ্চালনা করেন কলেজের ছাত্র রাজকুমার ঘোষ।

বেকার যুবক-যুবতীদের নিয়ে কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ বিলুপ্ত প্রায় পাটশিল্পকে টিকিয়ে রাখার পাশাপাশি রাজ্যের বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের রাস্তা খুলে দিতে উদ্যোগ নিল রাজ্য শ্রমদপ্তর। ঝাড়গ্রাম জেলার বেকার যুবতীদের নিয়ে কর্মশালার আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে উদ্বোধন করেন শ্রমদপ্তরের মন্ত্রী মলয় ঘটক। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত অষ্টম শ্রেণি পাশ ১৮ বছর উর্ধ্বী যেকোনো ছেলেমেয়ে অংশগ্রহণ করতে পারবে। তিন মাস প্রথাগত ও হাতেকলমে প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত করা হবে। প্রশিক্ষণের পর মিলবে সরকারি চাকুরির সুযোগ সুবিধা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক সুকুমার হাঁসদা, চূড়ামণি মাহাতো, জেলাশাসক আয়েশা রানী, পুলিশ সুপার অমিত কুমার ভরত রাঠোর-সহ বিশিষ্ট অতিথিরা।

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ সবুজসাথী প্রকল্পে সাইকেল দেওয়া হয় মঙ্গলবার। এদিন রামনগর ১ নং ব্লক অফিস চত্বরে তিনটি হাইস্কুলের নবম শ্রেণির মোট ২৪৫ জন ছাত্রছাত্রীদের সাইকেল দেওয়া হয়েছে। রামনগর ১ নং ব্লকের বিডিও অনুপম বাগ বলেন, সবুজ সাথি প্রকল্পে তিনটি হাইস্কুলের নবম শ্রেণির ১২০ জন ছাত্র এবং ১২৫ জন ছাত্রীকে সাইকেল দেওয়া হয়েছে। উপস্থিত ছিলেন রামনগর ১ পঞ্চায়েত সমিতির সভাপতি নিতাই চরণ সার, ব্লকের জয়েন্ট বিডিও গণেশ কর্মকার প্রমুখ।